

স্লিভলেসে সুন্দর

অসহ্য এই গরমে লম্বা সময় কাটানোর জন্য পোশাকে চাই স্বাচ্ছন্দ্য। তাই গরমের সময় ছোট কিছু বিষয়ে খেয়াল রাখলে পোশাক পরে সারাদিন আরাম পাবেন। আপনি চাইলে যে কোনো পোশাকই করতে পারেন স্লিভলেস। এটি গরমে খুবই আরামদায়ক। এতে হাত ঘামবে না এবং বাতাস লাগবে। স্লিভলেসকে এখন হাল ফ্যাশনও বলতে পারেন।

তবে স্লিভলেস পোশাকটি হতে হবে ব্যক্তিত্ব ও শারীরিক কাঠামোর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। এ পোশাকে সবাইকে মানায় না। তাই গরমে পোশাক নির্বাচনের ক্ষেত্রে স্বস্তির পাশাপাশি সৌন্দর্যের দিকেও খেয়াল রাখতে হবে। লম্বা, মেদহীন হাতের যে কেউ পরতে পারেন এ পোশাক। যাদের হাত মোটা, কাঁধ বেশি চওড়া, তাদের স্লিভলেস না পরাই ভালো।

কামিজের স্লিভলেস : এখন সব বয়সী মেয়েরা সালায়ার-কামিজ পরছেন। বড় ঝুলের কামিজগুলো স্লিভলেস করতে পারেন একটু অন্যরকমভাবে। যেমন, কাঁধের ওপর রাখতে পারেন এক বা দুই ইঞ্চি চওড়া। আবার হাতা হিসেবে শুধু একটি মাঝারি আকৃতির লেস লাগিয়ে নিতে পারেন। সঙ্গে পরতে পারেন লম্বা চুড়িদার অথবা ডিভাইডার। আর শর্ট কামিজও পরতে পারেন স্লিভলেস। সঙ্গে পরে নিন ধুতি-সালায়ার।

স্লিভলেসে ডিজাইন : স্লিভলেস মানেই যে একেবারে হাতাকাটা তা কিন্তু নয়। তাই কেউ চাইলেই নিজের হাতের গড়ন অনুযায়ী পরতে পারেন স্লিভলেস ড্রেস। যাদের হাত একটু মোটা, তারা স্লিভলেস ড্রেস পরা নিয়ে টেনশনে থাকেন। কিন্তু তারা একেবারে হাতাকাটা না পরে এক ইঞ্চি অতিরিক্ত চওড়া দিয়ে পরতে পারেন। আবার হাত যদি বেশি মোটা না হয় তবে শুধু শোল্ডার পর্যন্ত স্লিভলেসও পরতে পারেন। আনতে পারেন কাঁধে ডিজাইন।

যে কাপড়ে যেমন : আমরা শুধু যে সুতি কাপড় পরি তা তো নয়। যদি সুতি কাপড়ের ড্রেস হয় তাহলে কাঁধে এক্সট্রা কিছু দেয়া লাগে না। আর শিফন, কাতান অথবা অন্য যে কোনো কাপড় হলে কাঁধের নিচে সুতি ফলস দিয়ে নেয়া ভালো। কারণ সুতি ছাড়া অন্য কাপড়ে কোমল ভাবটা একটু কম থাকে। তাতে কোনো জরি অথবা সুতার কাজ থাকলে দীর্ঘ সময় পরে থাকার ফলে র্যাশ উঠতে পারে।

স্লিভলেসের সঙ্গে হাতের সাজ : স্লিভলেস পরলে কিন্তু পুরো হাতটাই দেখা যায়। তাই সে সময় হাতটিকে সুন্দর দেখানোর দিকেও কিন্তু নজর দিতে হবে। কোন ধরনের হাতের অর্নামেন্টস ব্যবহার করলে ভালো লাগবে সেটাও দেখতে হবে। যেমন শাড়ি, কামিজ, ফতুয়া যা-ই হোক না কেন, তার সঙ্গে হাতভর্তি চুড়ি কিন্তু খুব একটা ভালো লাগবে না। তাই পরতে পারেন হাতে মিলিয়ে একটি অথবা দুটি চুড়ি। যে কোনো কিছুর সঙ্গেই হাতে ব্রেসলেটও মানাবে। পরতে পারেন বাজুবন্ধও। এটি কিন্তু আপনাকে করে তুলবে অন্যরকম সুন্দর। আবার বাহুতে মেহেদি দিয়ে করে নিতে পারেন নকশা।

একটু সচেতনতা : এখন সূর্যের তাপ অনেক বেশি। তাই বাইরে বের হওয়ার সময় একটু মনে করে হাতে সানস্ক্রিম লোশন লাগিয়ে নিলেই সারা দিন থাকতে পারেন নিশ্চিন্ত।

গরমে আরামের পাশাপাশি সৌন্দর্যও বৃদ্ধি করে স্লিভলেস। তাই এই গরমকে একটু সামলাতে আপনি হতেই পারেন ডানাকাটা পরী। ■

-সাইমা ইসলাম তন্দ্রা

